আজকের কাগজ

তারিখ 29 NOV 1995
পৃষ্ঠা ৬ কলাম ২

# ঢা.বি'র ছাত্রদের সঙ্গে নাজিমউদ্দিন রোডের মহল্লাবাসিদের সংঘর্ষ

## আহত ৩, নিখোঁজ ২

কাগজ প্রতিবেদক ঃ গতরাত পৌনে বারোটায় নাজিমউদ্দিন রোডে হোটেলে খাবার বিল পরিশোধকে কেন্দ্র করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সূর্যসেন হলের ছাত্রদের সঙ্গে মহল্লাবাসীর ঘন্টাব্যাপী সংঘর্ষে কমপক্ষে ৩ জন আহত ও ২ জন নিখোঁজ হয়েছে।

জানা গেছে, সূর্যসেন হলের একদল ছাত্র গতরাতে নাজিমউদ্দিন রোডস্থ মিতালী হোটেলে রাতের খাবার খেয়ে বিল দেওয়ার সময় হোটেলের লোকজনের সঙ্গে তাদের বসচা শুরু হয়। এক পর্যায়ে তারা উত্তেজিত হয়ে উঠলে মহল্লার লোকজন তাদের মারধোর করে। পরে এ খবর সূর্যসেন হলসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সবগুলো হলে পৌছুলে ছাত্ররা মারমুখী হয়ে নাজিমউদ্দিন রোডে গেলে মহল্লাবাসিদের সঙ্গে তাদের তুমুল সংঘর্ষ শুরু হয়। এক ঘন্টারও বেশি এ সংঘর্ষে উভয়পক্ষে পিস্তল, কাটা রাইফেলের শতাধিক রাউন্ড গুলি ও ব্যাপক বোমাবাজি করে। এতে জুয়েল (২১) ও জহর (২০) মারাত্মকভাবে আহত হয়েছে। অপর আহতের নাম জানা যায়নি। এদিকে বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা দাবি করেছে স্থানীয় মহল্লাবাসী দু'জন বিশ্ববিদ্যালয় ছাত্রকে ধরে নিয়ে গেছে। এ রিপোর্ট লেখা পর্যন্ত সংঘর্ষ অব্যাহত ছিলো।